

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৩২/২০১৬

অভিযোগকারী : জনাব শ্রীধাম কর্মকার
পিতা-সঞ্জু কর্মকার
গ্রাম+পোস্ট-বিপুলাসার
থানা-মনোহরগঞ্জ, জেলা-কুমিল্লা।

প্রতিপক্ষ : জনাব মোঃ ওবায়দুল ইসলাম
উপজেলা হিসাবরক্ষণ অফিসার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
উপজেলা হিসাবরক্ষণ অফিস
লাকসাম, কুমিল্লা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ০৩-০৮-২০১৬ ইং)

অভিযোগকারী ২২-০২-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ ওবায়দুল ইসলাম, উপজেলা হিসাবরক্ষণ অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা হিসাবরক্ষণ অফিস, লাকসাম, কুমিল্লা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ১) বিগত ১৪-০৬-২০১৫ ইং তারিখে সোনালী ব্যাংক লিঃ, দৌলতগঞ্জ শাখা হতে প্রাপ্ত চালান ফর্মগুলোর মধ্যে সরকারি চালান কোড ১-৩৩০১-০০০১-১৮০৭ এ ৪২০ (চারশত বিশ) টাকা জমার কোন রেকর্ড আছে কি না?
 - ২) সোনালী ব্যাংক লিঃ, দৌলতগঞ্জ শাখা হতে কতদিন পরে জমাকৃত চালানের কপি এই অফিসে পৌঁছায়?
 - ৩) চালানের কপি এই অফিসে আসার কতদিন পরে সরকারি খাতে জমা (এন্ট্রি) দেখানো হয়?
 - ৪) তথ্য অধিকার আইন ২০০৯ এর ৮(২)(গ) ধারা অনুযায়ী ১৪-০৬-২০১৫ ও ১৫-০৬-২০১৫ ইং তারিখে সোনালী ব্যাংক লিঃ, দৌলতগঞ্জ শাখা হতে প্রাপ্ত সকল চালানের কপি পরিদর্শন ও নোট নিতে চাই।
- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৩-০৮-২০১৬ তারিখে জেলা হিসাবরক্ষণ অফিসার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), জেলা হিসাবরক্ষণ অফিস, কুমিল্লা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে অভিযোগকারী ১৮-০৫-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ১০-০৭-২০১৬ তারিখের সভায় অভিযোগটি পর্যালোচনান্তে শুনানীর জন্য গ্রহণ করা হয়। অভিযোগের বিষয়ে ০৩-০৮-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ০৩-০৮-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।
- ৪। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে রেজিস্ট্রি ডাকযোগে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। তিনি আরো বলেন যে, চাহিত তথ্যাদি না পাওয়ায় সংক্ষুব্ধ হয়ে তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন এবং প্রার্থিত তথ্য পাওয়ার জন্য তথ্য কমিশনের নির্দেশনা কামনা করেন।

৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, স্মারক নং ইউকও/লাক/কমু/তথ্য/৫৯৩ তারিখ; ২৬-০৪-১৬ মারফত অভিযোগকারীকে তার চাহিত তথ্যাদি সরবরাহ করা হয়েছে। তিনি আরো বলেন যে, অত্র কার্যালয়ে (উপজেলা হিসাবরক্ষণ অফিস, লাকসাম, কুমিল্লা) জনবলের সঙ্কট থাকায় অভিযোগকারীর চাহিত তথ্যাদি যথাসময়ে সরবরাহ করা সম্ভব হয় নি। এরূপ অনাকাঙ্ক্ষিত বিলম্বের জন্য তিনি কমিশনের নিকট মৌখিকভাবে ক্ষমা প্রার্থনা করেন। একইসাথে অভিযোগকারীর চাহিত সকল তথ্যাদি পুনরায় সুচারুভাবে প্রস্তুতকরে অভিযোগকারীকে সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত সকল তথ্যাদি পুনরায় সুচারুভাবে সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থিত পূর্ণাঙ্গ তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ ওবায়দুল ইসলাম, উপজেলা হিসাবরক্ষণ অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা হিসাবরক্ষণ অফিস, লাকসাম, কুমিল্লা কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার